গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ২৯.০০.০০০০.২২৩.০২.০০১.২০২২-২২২

তারিখঃ ৩০/১০/২০২২ খ্রি: ।

প্রাপকঃ *চেয়ারম্যান*
খাগড়াছড়ি পার্বত্য ***জেলা পরিষদ***, খাগড়াছড়ি।

বিষয়ঃ ***বিশেষ প্রকল্প কর্মসূচি হতে খাদ্যশস্য বরাদ্দ।***

মহোদয়

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, খাগড়াছড়ি পার্বত্য জেলার বিভিন্ন উপজেলাধীন নিম্নোক্ত ১ টি উপজেলা পরিষদ ও ১টি ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রস্তাবিত স্কীম/প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যান-এর নামের পার্শ্বে উল্লিখিত পরিমাণ খাদ্যশস্য প্রদানের নিমিত্ত চেয়ারম্যান খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ এর অনুকূলে ১২০.০০ মে.টন চাউল এবং ৩০.০০ মে.টন গমসহ মোট ১৫০.০০ (একশত পঞ্চাশ) মে.টন খাদ্যশস্য নিম্নে বর্ণিত শর্তে মঞ্জুরি আদেশ প্রদান করা হলো।

(খ) চেয়ারম্যান ৪নং দীঘিনালা ইউনিয়ন পরিষদ, দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলার অনুমোদিত প্রকল্পের নামঃ

| ক্র.নং | প্রকল্পের নাম | চাউল | গম | মোট |
|---|---|---|---|---|
| ১ | সেলাই প্রশিক্ষণ প্রাপ্ত যুব মহিলাদের মাঝে বিনামূল্যে সেলাই মেশিন বিতরণ। | ৪০ | ১০ | ৫০ |
| ২ | চিনালছড়া-বাগানপাড় সংযোগ রাস্তা নির্মাণ। | | | |
| ৩ | খামাড় পাড়া-দিলচান কার্বারী পাড়ায় রাস্তা নির্মাণ। | | | |
| ৪ | যামিনী মোহন কার্বারী পাড়ার রাস্তায় ইট সলিং করণ। | | | |
| ৫ | প্রত্যন্ত বিভিন্ন পাড়ায় অগভীর নলকূপ স্থাপন। | | | |

(গ) চেয়ারম্যান. উপজেলা পরিষদ, দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলার অনুমোদিত প্রকল্পের নামঃ

| ক্র.নং | প্রকল্পের নাম | চাউল | গম | মোট |
|---|---|---|---|---|
| ১ | গরীব জনসাধারণের মাঝে বিনামূল্যে ছাগল বিতরণ। | ৮০ | ২০ | ১০০ |
| ২ | শিমুলতলী গবছড়ি সংযোগ রাস্তা নির্মাণ। | | | |
| ৩ | বিভিন্ন পাড়ায় অগভীর নলকূপ স্থাপন। | | | |
| ৪ | তেবাংছড়া নীলমনি কার্বারী পাড়া সংযোগ রাস্তা নির্মাণ। | | | |
| ৫ | কৃপাপুর জাম্বুরা পাড়া সংযোগ রাস্তা নির্মাণ। | | | |
| ৬ | হাচিনসনপুর এলাকায় পাকা সেচনালা নির্মান। | | | |
| ৭ | শনখোলা পাড়া বানছড়া সংযোগ রাস্তায় গাইড ওয়াল নির্মাণ। | | | |
| ৮ | ছড়ায় বাঁধ নির্মাণপূর্বক পাইপ লাইনের মাধ্যমে ছাতারাছড়া গ্রামে পানি সরবরাহ। | | | |
| ৯ | মুড়াপাড়া এলাকায় একটি পাকা সেচনালা নির্মাণ। | | | |
| ১০ | নুনছড়ি ডিপি পাড়া রাস্তা ইটসোলিং করণ। | | | |

০২। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১, শাখা-৩ এর ৬/০৭/২০২২ তারিখের ০৭.০০.০০০০.১০৩.২০.০২৮.১৩(অ-১)-০৭ নম্বর স্মারকমূলে ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেটে এ মন্ত্রণালয়ের অনুকূলে ১৫৫০১০১-সচিবালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়-১২০০০১৯১৫-পার্বত্য জেলাসমূহে পুনর্বাসন কর্মসূচি-৩ আবর্তক ব্যয়-৩৭ সামাজিক সুবিধাদি-৩৭২২-অনগদ সামাজিক সহায়তা সুবিধাদি-৩৭২২১০১ ত্রাণ কার্য চাল, ৩৭২২১০২ ত্রাণ কার্য গম খাতে বরাদ্দকৃত খাদ্যশস্যের বিভাজন অনুযায়ি **খাগড়াছড়ি** পার্বত্য জেলার দুর্যোগ মোকাবেলায় এবং বিভিন্ন উন্নয়নমূলক কাজে ব্যবহারের জন্য বিশেষ প্রকল্প কর্মসূচি খাত হতে বহন করা হবে।

০৩। **শর্তসমূহঃ**

১. ***বরাদ্দকৃত খাদ্যশস্য*** দ্বারা ১টি উপজেলা পরিষদ ও ১টি ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রস্তাবিত স্কীম/প্রকল্প বাস্তবায়নপূর্বক অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

২. ***বরাদ্দকৃত খাদ্যশস্য ব্যবহারে বিশেষ প্রকল্প কর্মসূচি*** বাস্তবায়ন সংক্রান্ত ***এই মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ গত ১৯/১০/২০০৬ তারিখে জারিকৃত নীতিমালার প্রতিটি*** শর্ত ***যথাযথভাবে অনুসরণ*** করার জন্য কাঠোর ভাবে নির্দেশনা প্রদান করা হলো।

৩. ***ই***তোমধ্যে জেলা প্রশাসনের মাধ্যমেও উন্নয়ন ***কার্যক্রমের*** জন্য যে খাদ্যশস্য বরাদ্দ প্রদান করা হয়েছে। ***প্রকল্প গ্রহণের*** ক্ষেত্রে উপকারভোগীর Overlapping ***এড়ানোর জন্য জেলা প্রশাসক এর সাথে সমন্বয় করে প্রকল্প গ্রহণ*** ও বাস্তবায়ন ***করতে হবে;***

৪. ***বরাদ্দকৃত খাদ্যশস্যের হিসাব নিরীক্ষার জন্য*** যথোপযুক্তভাবে সংরক্ষণ করতে হবে এবং খাদ্যশস্য ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন যথাসময়ে এ মন্ত্রণালয়ে ***প্রেরণ করতে হবে;***

৫. ***বরাদ্দকৃত খাদ্যশস্য স্থানীয় গুদাম হতে যথাসময়ে উত্তোলন করতে হবে;***

চলমান পাতা-০২

৬. বিশেষ কোন ব্যক্তি নয় এলাকার সামষ্টিক উন্নয়নের লক্ষ্যে ও সমাজের বৃহৎজনগোষ্ঠির স্বার্থ বিবেচনায় প্রকল্প স্থান নির্ধারণসহ প্রকল্প পরিকল্পনা, রুপরেখা ও বাস্তবায়ন করতে হবে।

৭. *প্রকল্প* বাস্তবায়নের শুরু *থেকে শেষ পর্যন্ত সমুদয় দালিলিক প্রমাণ সংরক্ষণ করতে হবে;*

৮. ৩০/০৬/২০২৩ *তারিখের মধ্যে বরাদ্দকৃত খাদ্যশস্য দ্বারা উন্নয়ন প্রকল্প* বাস্তবায়ন *সম্পন্ন করতে হবে;*

৯. *প্রকল্পের সঠিক* বাস্তবায়ন *নিশ্চিতকল্পে* সংশ্লিষ্ট *সংস্থা কর্তৃক তদারকি কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটি কর্তৃক* বাস্তবায়নাধীন/বাস্তবায়িত *প্রকল্প পরিদর্শণ/পরিবীক্ষণ করে* মন্তব্যসহ *অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;*

১০. *পানি নিষ্কাশনে প্রতিবন্ধকতা সৃষ্টি করে ও পরিবেশের জন্য* ক্ষতিকর *এমন কোন প্রকল্প গ্রহণ করা যাবে না;*

১১. *প্রযোজ্য ক্ষেত্রে সকল প্রকল্পের অনুকূলে বৃক্ষরোপন কর্মসূচি অন্তর্ভূক্ত করতে হবে;*

১২. *বরাদ্দকৃত খাদ্যশস্য* ২০২২-২০২৩ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর) বিশেষ কর্মসূচি আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য ব্যয় *করতে হবে।*

(মো: হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব
ফোন-৫৫১০০৬৩০

নং ২৯.০০.০০০০.২২৩.০২.০০১.২০২২-২২২/১(১২)　　　　তারিখঃ ৩০/১০/২০২২খ্রি: ।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
২। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬আব্দুল গনি রোড, ঢাকা।
৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্রগ্রাম।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, **খাগড়াছড়ি**।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৭। সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। জেলা খাদ্য নিয়ন্ত্রক, **খাগড়াছড়ি** পার্বত্য জেলা।
৯। সহকারী প্রোগ্রামার,পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১০। চেয়ারম্যান. উপজেলা পরিষদ, দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১১। চেয়ারম্যান ৪নং দীঘিনালা ইউনিয়ন পরিষদ, দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১২। অফিস কপি।

(মো: হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব